‘‘হে আল্লাহ! তুমি আমার জাতিকে ক্ষমা করে দাও। কেননা, তারা জানে না।”

ইবনু মাসউদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, ‘আমি যেন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নবীদের মধ্যে কোনো এক নবীর ঘটনা বর্ণনা করতে দেখেছি; (আলাইহিমুস সালাতু ওয়াসসালাম) যাঁকে তাঁর স্বজাতি প্রহার করে রক্তাক্ত করে দিয়েছে। আর তিনি নিজ চেহারা থেকে রক্ত পরিষ্কার করছেন এবং বলছেন, ‘‘হে আল্লাহ! তুমি
আমার জাতিকে ক্ষমা করে দাও। কেননা, তারা জানে না।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পূর্বের কোনো একজন নবীর ঘটনা বর্ণনা করেন যে, তার কাওমের লোকেরা তাকে মেরে রক্তাক্ত করল। তখন তিনি তার চেহারা থেকে রক্ত মুছছিলেন আর তাদের জন্য গুনাহ মাফের দো‘আ করছিলেন। এটি ছিল চুড়ান্ত পর্যায়ের ধৈর্য ও সহনশীলতা। তিনি শুধু তাদের জন্য গুনাহ মাফের দো‘আই করেননি, বরং তাদের প্রতি দয়াপরবশ হয়ে, বাস্তবতা সম্পর্কে অজ্ঞ হওয়ার কারণে তাদের পক্ষ থেকে ওযরও পেশ করেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3594